গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা

**'জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৮' উদযাপনের নিমিত্ত কর্মসূচি প্রণয়ন ও এতদসংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১৬-০৯-২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই সভাপতি সভার পটভূমি ব্যাখ্যা করতে গিয়ে বলেন, সরকার ২২ অক্টোবর তারিখকে জাতীয় নিরাপদ সড়ক দিবস হিসেবে ঘোষণা করেছে। এ বছর ২২ অক্টোবর ২য় বারের মত দিবসটি সরকারিভাবে পালন করা হবে। কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় উপস্থিতির জন্য অনুরোধ করে সার-সংক্ষেপ প্রেরণ করা হবে। সভাপতি জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দিবসটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে উল্লেখ করেন।

০২. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ঢাকায় কেন্দ্রীয়ভাবে এবং জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করা হয়। আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) ও সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধানগণ দিবসের কর্মসূচি পালন এবং স্ব স্ব ক্ষেত্রে তাদের সম্পৃক্ততার পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিআইজি, হাইওয়ে রেঞ্জ এর পক্ষ হতে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সহায়ক কর্মসূচি গ্রহণের পরিকল্পনা সভায় উপস্থাপন করে। বুয়েট (এআরআই) এর প্রতিনিধি এ দিবসকে সামনে রেখে সড়ক নিরাপত্তা বিষয়ক কিছু বাস্তব কার্যক্রম সংশ্লিষ্ট সংস্থা/কর্তৃপক্ষ গ্রহণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।

০৩. নিরাপদ সড়ক চাই (নিসচা) এর প্রতিষ্ঠাতা জনাব ইলিয়াস কাঞ্চন বলেন, তাঁর সংগঠনের পক্ষ থেকে নিরাপদ সড়কের জন্য কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করা হবে। ২২ অক্টোবর, ২০১৮ কে সামনে রেখে আলোচনা অনুষ্ঠান, গুরুত্বপূর্ণ স্থানে সচেতনতামূলক ভিডিও প্রদর্শন, লিফলেট, স্টিকার ইত্যাদি প্রস্তুত ও বিতরণসহ গৃহীত অন্যান্য পরিকল্পনার কথাও জানান। মালিক সমিতির প্রতিনিধি, গাড়িচালক এবং পরিবহন শ্রমিকদের সম্পৃক্ত করে অনুষ্ঠান আয়োজনের উপর গুরুত্বারোপ করেন।

অপর পাতায় দ্রষ্টব্য

০৪. অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | প্রতিপাদ্য বিষয় | 'আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো'<br>সংশ্লিষ্ট সকলে এ প্রতিপাদ্য বিষয় ব্যবহার করবে এবং প্রতিপাদ্য বিবেচনায় রেখে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২. | অর্থ বরাদ্দ | জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পর্যায়ে ২৫,০০০/=, জেলা পর্যায়ে ৫০,০০০/=, হাইওয়ে পুলিশের জন্য ১,০০,০০০/= এবং কেন্দ্রীয়ভাবে ২০,০০,০০০/=(বিশ লক্ষ) টাকা বিশেষ বরাদ্দ চেয়ে অর্থ মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রীর ডি, ও প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ০৩. | শোভাযাত্রা | জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে শোভাযাত্রা সফল করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব, জনাব আজহারুল ইসলাম খান'কে আহবায়ক করে বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর, ডিটিসিএ, ডিএমটিসিএল, ডিএমপি, এআরআই(বুয়েট), পরিবহন মালিক/শ্রমিক প্রতিনিধি এবং নিরাপদ সড়ক চাই এর প্রতিনিধি সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ |
| ০৪. | বাণী প্রদান | জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয় এর বাণী প্রস্তুত করতে হবে। অতিরিক্ত সচিব(এস্টেট)'কে আহবায়ক করে মাননীয় মন্ত্রীর পিআরও এবং বিআরটিএ'র প্রতিনিধি সমন্বয়ে বাণী প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটি গঠন করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট), মন্ত্রী মহোদয়ের পিআরও, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/বিআরটিএ |
| ০৫. | অনুষ্ঠানের দাওয়াতপত্র প্রস্তুত, বিতরণ এবং আগতদের অভ্যর্থণা | অনুষ্ঠানের দাওয়াতপত্র প্রস্তুত, বিতরণ এবং আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থণার জন্য জনাব মোঃ বেলায়েত হোসেন, অতিরিক্ত সচিব-কে আহবায়ক করে বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর, ডিটিসিএ এবং ডিএমটিসিএল'র প্রতিনিধি সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ |
| ০৬. | ভেন্যু নির্ধারণ, মঞ্চ-সজ্জা, আসন বিন্যাস ও সাউন্ড সিস্টেম | অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ, মঞ্চ সজ্জা, আসন বিন্যাস ও সাউন্ড সিস্টেম পরিচালনা এবং মনিটরিং করার জন্য অতিরিক্ত সচিব, জনাব মোঃ আব্দুল মালেক-কে আহবায়ক করে বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর, ডিটিসিএ এবং ডিএমটিসিএল'র প্রতিনিধি সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ |
| ৭. | (ক)পোস্টার, লিফলেট, স্টিকার, টি-শার্ট এবং ক্যাপ প্রস্তুত ও বিতরণ | (ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক পোস্টার, লিফলেট, স্টিকার, টি-শার্ট এবং ক্যাপ প্রস্তুত করে সকল জেলায় সরবরাহ করতে হবে। এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সফিকুল ইসলামকে আহবায়ক করে বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর, ডিটিসিএ এবং ডিএমটিসিএল'র প্রতিনিধি সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিআরটিএ |

অপর পাতায় দ্রষ্টব্য

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (খ) ব্যানার ও ফেস্টুন প্রস্তুতপূর্বক স্থাপন | (খ) ব্যানার ও ফেস্টুন প্রস্তুতপূর্বক মূল অনুষ্ঠান স্থল, সচিবালয়ের প্রধান গেট এবং বাস টার্মিনাল এবং গুরুত্বপূর্ণ মহাসড়কের ইন্টারসেকশনে স্থাপন করতে হবে। | বিআরটিএ, ইভেন্ট ম্যানেজমেন্ট হাইওয়ে পুলিশ, জেলা পুলিশ, মেট্রোপলিটন পুলিশ |
| ৮. | জাতীয় নিরাপদ সড়ক দিবস বিষয়ক ভিডিও প্রদর্শন | ঢাকার গুরুত্বপূর্ণ টার্মিনালসমূহ এবং জেলা পর্যায়ের প্রধান প্রধান টার্মিনালসমূহে ভিডিও প্রদর্শন করতে হবে। | বিআরটিএ ও জেলা প্রশাসন, |
| ৯. | ইলেক্ট্রনিক মিডিয়াতে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে টক-শোর আয়োজন | বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি টিভি চ্যানেলে দিবসের তাৎপর্য তুলে ধরে টক-শো আয়োজন করার জন্য নির্দেশনা দিতে তথ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১০. | বেসরকারী সংগঠনসমূহ কর্তৃক দিবসটি পালন | 'নিরাপদ সড়ক চাই' সংগঠনসহ বেসরকারি সংগঠনসমূহ কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি স্ব স্ব সহায়ক কর্মসূচি পালন করবে। এ বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক এর নিকট পত্র প্রেরণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১১. | জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে সরকারি ও বেসরকারি সংস্থায় সহায়ক কর্মসূচি পালন | কেন্দ্রীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বাংলাদেশ পুলিশ, এআরআই(বুয়েট), সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, হাইওয়ে পুলিশ বা অন্য যে কোন সরকারি প্রতিষ্ঠান, মালিক ও শ্রমিক সংগঠন, বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা নিজস্ব উদ্যোগে সহায়ক কর্মসূচি পালন করবে। | সংশ্লিষ্ট সকল |
| ১২. | জাতীয় নিরাপদ সড়ক দিবস পালনে বাংলাদেশ স্কাউটসকে সম্পৃক্ত করা | কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ের অনুষ্ঠানকে সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনের নিমিত্ত বাংলাদেশ স্কাউটস এর সদস্যদেরকে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে প্রধান স্কাউটস কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১৩. | জাতীয় নিরাপদ সড়ক দিবস পালনের জন্য টোল প্লাজায় ব্যানার প্রদর্শন | সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সকল টোল প্লাজায় জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে ব্যানার ও ফেষ্টুন প্রদর্শন করা হবে। সওজ অধিদপ্তর এ বিষয়ে লিখিত নির্দেশনা প্রদান করবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর |

০৫. সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নম্বর-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩২.১৭-৫০৮ তারিখ ঃ ১৮-০৯-২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়াটার, ঢাকা
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুলগণি রোড, ঢাকা
১০. সচিব, বেসামরিক পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১২. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ৩৪, শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০
১৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১৪ চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৫. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
১৬. ডিআইজি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১৭. পরিচালক, এক্সিডেন্ট রিসার্চ ইনিস্টিটিউট, বুয়েট, ঢাকা।
১৮. পরিচালক (রোড সেফটি), বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৯. নির্বাহী পরিচালক, ব্র্যাক সেন্টার, ৭৫, মহাখালী, ঢাকা
২০. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২১. জনাব ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই, ১০৫, বড় মগবাজার, কারিমাছ প্লাজা (৮ম তলা), রমনা, ঢাকা
২২. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, ২১, রাজউক এভিনিউ, ঢাকা
২৩. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
২৪. চেয়ারম্যান, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক, হাজি আহসান উল্লাহ কমপ্লেক্স, বাগবাড়ী, ঢাকা
২৫. সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি, মসজিদ মার্কেট কমপ্লেক্স, ৪র্থ তলা, ঢাকা

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

নম্বর-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩২.১৭-৫০৮/১(১০) তারিখ ঃ ১৮-০৯-২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব

স্মারক নং- ৫০৫২ তারিখঃ ২৫/০৯/২০১১

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে অবহিত করণসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সংলগ্নীসহ আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), ..............................

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
(সওজ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য প্রেরণ করা হলো)।

৪। নির্বাহী প্রকৌশলী (সওজ), ..................................

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।